

যুক্তরাষ্ট্র অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন সমর্থন করে

ঢাকা, ৫ জানুয়ারী -- যুক্তরাষ্ট্র দীর্ঘ দিন যাবত বাংলাদেশের শক্তিশালী গণতান্ত্রিক ঐতিহ্যকে স্বীকৃতি প্রদান করেছে এবং স্বাগত জানিয়ে আসছে। অবাধ, সুষ্ঠু এবং বিশ্বাসযোগ্য নির্বাচন যেকোন গণতন্ত্রের একটি গুরুত্বপূর্ণ অংশ। বাংলাদেশের অতীত নির্বাচন সাধারণভাবে আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী অনুষ্ঠিত হয়েছে বলে স্বীকৃত হয়েছে।

বাংলাদেশের ভোটারদের পছন্দ অনুযায়ী ভোট দেয়ার অধিকার রয়েছে। আওয়ামী লীগ ও তার জোটের অন্যান্য সদস্য নির্বাচন বয়কটের যে ইচ্ছা প্রকাশ করেছে এজন্য আমরা দুঃখিত। তাদের সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য আমরা তাদেরকে আহ্বান জানাচ্ছি এবং ভোটারদের তাদের পছন্দ অনুযায়ী ভোট প্রদানের সুযোগ দেয়ার আবেদন করছি।

নির্বাচন একটি উন্মুক্ত এবং শান্তিপূর্ণ পরিবেশে সকল রাজনৈতিক দলের অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত হওয়া প্রয়োজন যাতে করে নির্বাচনের ফলাফলের ওপর ভোটারদের আস্থা থাকতে পারে। যে প্রক্রিয়া বর্তমানে কাজ করতে চলেছে তাতে অবশ্যই অনেক অসম্পূর্ণতা ও ভুলত্রুটি রয়ে গেছে। সকল দল যাতে নির্বাচনে অংশ গ্রহণ করতে পারে তেমন একটি পরিবেশ সৃষ্টি করার জন্য দ্রুত এবং পক্ষপাতহীনভাবে কাজ করার জন্য আমরা কেয়ারটেকার সরকার ও নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানাচ্ছি। এইসব পরিবেশ সৃষ্টি হচ্ছে কিনা তার ওপরই নির্ভর করবে আমাদের সমর্থন এবং পর্যবেক্ষণ মিশনের কর্মকান্ড। অনুরূপভাবে নির্বাচনে সকল বড় দলের অংশগ্রহণের লক্ষ্যে একটি গ্রহণযোগ্য পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে সংকীর্ণ দলীয় কর্মসূচী উপেক্ষা করে একটি গঠনমূলক এবং আন্তরিক আলোচনায় বসার জন্য আমরা সকল রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানাচ্ছি।

একটি গণতান্ত্রিক সমাজে সহিংসতার কোন স্থান নেই। রাজনৈতিক প্রতিবাদ গণতন্ত্রের একটি অবিচ্ছেদ্য অংশ তবে সহিংসতা নয়। রাজনৈতিক নেতারা যে সংঘর্ষের পরিচয় দিয়েছেন সেজন্য আমরা তাদের প্রশংসা করছি এবং সহিংসতা পরিহারের জন্য সকল দলের প্রতি আহ্বান জানাচ্ছি। শান্তিপূর্ণভাবে তাদের কর্মসূচী পালন এবং সকল প্রকার উস্কানীমূলক কর্মকান্ড থেকে বিরত থাকার জন্যও আমরা তাদের প্রতি আবেদন করছি।

=====